JAN. 05 2002

দৈনিক ইত্তেফাক

দৈনিক ইনকিলাব

তারিখ ...
পৃষ্ঠা ৩ ... কলাম ৬ ...

# চট্টগ্রামের 'এ' লেভেল কোর্সের ব্যবহারিক পরীক্ষার জন্য ঢাকা আসতে হবে না

**চট্টগ্রাম ব্যুরো ঃ** এখন থেকে চট্টগ্রামের 'এ' লেভেল কোর্সের ছাত্র-ছাত্রীদের ব্যবহারিক পরীক্ষার জন্য আর ঢাকায় আসতে হবে না। চট্টগ্রামের সানশাইন গ্রামার স্কুলে প্রায় ২৫ লাখ টাকা ব্যয়ে অত্যাধুনিক ল্যাবরেটরী স্থাপন করা হয়েছে। 'এ' লেভেল কোর্স পরিচালনার উদ্দেশ্যে পদার্থ, রসায়ন ও কম্পিউটার বিষয়ে ব্যবহারিক পরীক্ষা এ ল্যাবরেটরীতে অনুষ্ঠিত হবে। সানশাইন স্কুলের ল্যাবরেটরী ইতিমধ্যে ব্রিটিশ কাউন্সিলের অনুমোদন পেয়েছে। গতকাল (শুক্রবার) স্কুল মিলনায়তনে আয়োজিত এক প্রেস ব্রিফিংয়ে প্রিন্সিপাল মিসেস সাফিয়া রহমান এ তথ্য প্রকাশ করেন। তিনি জানান, লন্ডন ইউনিভার্সিটির তত্ত্বাবধানে এ৫এক্সএল কর্তৃক পরিচালিত ও/এ লেভেল কোর্সের পরিবর্তিত সিলেবাস অনুযায়ী সানশাইন গ্রামার স্কুল নতুন শিক্ষা পদ্ধতি গ্রহণ করেছে। পরে তিনি সাংবাদিকদের স্কুলের পদার্থ, রসায়ন ও কম্পিউটার বিষয়ে তিনটি ল্যাবরেটরী ঘুরে দেখান।